# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 1.09.2024** **Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবর –

১) আর জি কর হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও খুনের ঘটনায় রাজ্যজুড়ে প্রতিবাদ আন্দোলন চলছে।

আজও পথে নামছেন, স্কুল-কলেজের পড়ুয়া, প্রাক্তনী থেকে নাগরিক সমাজের বহু মানুষ।

২) শহরের ৭-টি মেডিকেল কলেজের জুনিয়ার ডাক্তারদের সংগঠন আজ বিভিন্ন জায়গায় মেডিকেল ক্যাম্প চালু করছেন।

৩) নারী সুরক্ষায় দেশের কঠোর আইনগুলির আরও সক্রিয় প্রয়োগের ওপর গুরুত্ব দিয়েছেন প্রধানমন্ত্রী।

৪) রাজ্যের নতুন মুখ্য সচিব হলেন মনোজ পন্থ।

৫) রাজ্য সরকার বাগিচা শ্রমিকদের ন্যূনত মজুরি স্হির করতে নতুন পরামর্শদাতা কমিটি গঠন করেছে।

৬) মুর্শিদাবাদের ভাগীরথী নদীতে শুরু হয়েছে বিশ্বের দীর্ঘতম সাঁতার প্রতিযোগিতা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনার প্রতিবাদে রাজ্যজুড়ে বিক্ষোভ আন্দোলন চলছে। ন্যায় বিচারের দাবিতে আজও পথে নামছেন স্কুল কলেজ পড়ুয়া -প্রাক্তনী থেকে নাগরিক সমাজের বহু মানুষ জন।

দক্ষিণ কলকাতার বিভিন্ন বিদ্যালয় এর প্রাক্তনীদের পক্ষ থেকে আজ সংহতি মিছিলের আয়োজন করা হয়েছে । এই মিছিল লেন্স ডাউন মোটর ভিকেলস এর সামনে থেকে বিভিন্ন পথ পরিক্রমা করে হাজরা মোড় পর্যন্ত যাবে।

বামপন্থী ছাত্র সংগঠন এস এফ আই ,অল ইন্ডিয়া স্টুডেন্টস ফেডারেশন ,অল ইন্ডিয়া স্টুডেন্ট ব্লক এর রাজ্য কমিটির পক্ষ থেকে আজকের দিনটি ছাত্র শহীদ দিবস হিসেবে পালন করা হবে। এই উপলক্ষে সুবোধ মল্লিক স্কোয়ারে পালিত হবে কেন্দ্রীয় কর্মসূচি।

পিকনিক গার্ডেন নাগরিক সমাজের পক্ষ থেকে আজ সকালে স্থানীয় কলোনি বাজার মোড় থেকে এক প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয়েছে।

কলকাতা শহরের পাশাপাশি বিভিন্ন জেলাতেও চলেছে জোরদার প্রতিবাদ আন্দোলন। বনগাঁ মহকুমার বিভিন্ন কলেজের প্রাক্তনীরা গতকাল বিকেলে বনগাঁ শহরে নীলদর্পণ থেকে বাটার মোর মতিগঞ্জ হয়ে বনগাত্রিকোণ পার্ক পর্যন্ত মিছিল করেন এরপরে  নীল দর্পণের সামনেই তারা অবস্থান বিক্ষোভ কর্মসূচি তে শামিল হন।

হাওড়া জেলার সাংবাদিকদের সম্মিলিত উদ্যোগে গতকাল হাওড়া মিউনিসিপাল কর্পোরেশনের সামনে থেকে একটি মৌন মিছিল আয়োজিত হয়।

উত্তর ২৪ পরগনার বারাসাতে বামপন্থী শ্রমিক সংগঠনের পুলিশ সুপার অফিস ঘেরাও অভিযানকে কেন্দ্র করে গতকাল ব্যাপক উত্তেজনা ছড়ায়। পুলিশের সঙ্গে আন্দোলনকারীদের ধস্তাধস্তি হয়। পরে ১২ নম্বর জাতীয় সড়ক অবরোধ করেন বাম কর্মী সমর্থকরা।

অন্যদিকে, অভয়ার ধর্ষণ ও খুনের ঘটনায় পুলিশি নিষ্ক্রিয়তা র প্রতিবাদে এবং পুলিশ কমিশনার বিনীত গোয়েলের পদত্যাগের দাবিতে জুনিয়র ডাক্তারদের সংগঠন ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরস ফ্রন্ট এর পক্ষ থেকে আগামীকাল লালবাজার অভিযানের ডাক দেওয়া হয়েছে। দুপুর ২-টোয় কলেজ স্কোয়ারে জমায়েত করে লালবাজার অভিমুখে যাবেন তারা।

এদিকে, আন্দোলনকে আরও বৃহৎ পরিসরে নিয়ে যাওয়ার লক্ষ্যে আর জি কর-এর প্রাক্তনীরা একটি স্থায়ী ধর্না মঞ্চ তৈরির প্রস্তুতি নিচ্ছে। দাবি-দাওয়া নিষ্পত্তি না হলে চৌঠা সেপ্টেম্বর থেকে লাগাতার অবস্থান কর্মসূচী শুরু হবে বলে জানা গেছে।

অন্যদিকে, সুপ্রিম কোর্টে আর জি কর মামলার শুনানির আগের দিন চৌঠা সেপ্টেম্বর, ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্ট সুবিচারের দাবিতে পশ্চিমবঙ্গ সহ গোটা দেশে রাত ৯-টা থেকে ১০-টা পর্যন্ত ১ ঘণ্টা বাড়ির আলো নিভিয়ে রাখারও প্রস্তাব দিয়েছে।

পরিবেশ সংগঠন সবুজ মঞ্চের পক্ষ থেকে আগামী তেশরা সেপ্টেম্বর হাজরা মোড়ে অবস্থান বিক্ষোভ কর্মসূচী পালন করা হবে।

oooooooooooooooooooooo

আর জি কর কান্ডে দ্রুত তদন্তের দাবি নিয়ে ডাক্তারদের যৌথ মঞ্চ জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স ওয়েস্ট বেঙ্গল-এর কয়েকজন প্রতিনিধি আজ সিজিও কমপ্লেক্সে যান। তারা সিবিআই আধিকারিকদের সঙ্গে দেখা করে রাজ্যের বিভিন্ন মেডিকেল কলেজের ডাক্তারদের হুমকি দেওয়ার বিষয়টি জানিয়েছেন। প্রতিনিধি দলে ছিলেন ডাক্তার অরিন্দম ভট্টাচার্য, ডাক্তার সুকান্ত চক্রবর্তী এবং ডাক্তার কৌশিক চাকি। রাজ্যে স্বাস্থ্য ক্ষেত্রে ব্যাপক দুর্নীতি চলছে বলে অভিযোগ তুলেছেন চিকিৎসকরা। সাংবাদিকদের ডাঃ সুকান্ত চক্রবর্তী জানান -

(বাইট – সুকান্ত চক্রবর্তী)

oooooooooooooooooooo

ধর্মতলায় বিজেপির ধর্ণা অবস্থান আজ চতুর্থ দিনে পড়ল। আগামী সোমবার মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে রাজ্য জুড়ে জেলাশাসকের দপ্তর ঘেরাও করবে তারা।

এছাড়াও নাগরিক সমাজ এবং বিভিন্ন সংগঠনের পক্ষ থেকেও দিকে দিকে চলছে প্রতিবাদ কর্মসূচী।

০০০০০০০০০০০০০০০০০০০

নবান্ন অভিযানের অন্যতম আহ্বায়ক পশ্চিমবঙ্গ ছাত্র সমাজের প্রতিনিধি সায়ন লাহিড়ীর মুক্তির বিরোধিতায় সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছে রাজ্য সরকার। অন্যদিকে সায়নের পরিবারের তরফেও সুপ্রিম কোর্টে ক্যাভিয়েট দাখিল করা হয়েছে। শুক্রবার কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা সায়ন লাহিড়ীকে শনিবারের মধ্যে মুক্তি দেওয়ার নির্দেশ দিয়েছিলেন। সেই মতো গতকাল তাঁকে মুক্তি দেওয়া হয়। নবান্ন অভিযানে বিশৃঙ্খলার সৃষ্টির কারণে তাঁকে গ্রেফতার করেছিল পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর-এ বিশেষ অভয়া ক্লিনিক চালু করে টেলি মেডিসিন পরিষেবা দিচ্ছেন জুনিয়ার ডাক্তাররা। গতকাল শুরু হওয়া টেলি মেডসিন পরিষেবা দেওয়ার কাজ প্রতিদিন সকাল ১০-টা থেকে দুপুর ২-টো পর্যন্ত চলবে। শহরে সরকারী ও বে-সরকারী মিলিয়ে ৭-টি মেডিকেল কলেজের জুনিয়ার ডাক্তাররা আজ কিছু জায়গায় অভয়া ক্লিনিক নামে মেডিকেল ক্যাম্প করবেন। আন্দোলন চলাকালীন প্রতি রবিবার এই ক্যাম্প হবে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, মালদা মেডিকেল কলেজের জুনিয়ার ডাক্তাররা আজ কাজে যোগ দিয়েছেন। প্রায় আড়াইশো জুনিয়ার চিকিৎসক , হাউস স্টাফ ও ইন্টার্নরা এতো দিন কর্ম বিরতি চালিয়ে যাচ্ছিলেন। কর্তৃপক্ষের সঙ্গে আলোচনার পর আজ সকালে

এমার্জেন্সি, ট্রমা কেয়ার, ইন্ডোর, আউডোর সহ বিভিন্ন বিভাগে কাজে যোগ দেন তারা। তবে, এখনও ওপিডি এবং প্ল্যানড অপারেশন না করার সিদ্ধান্তে অনড় চিকিৎসকরা।

০০০০০০০০০০০০০০০০০০০০

রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া ও প্রাক্তনীদের রাতজাগা কর্মসূচীর মধ্যে মদ্যপ অবস্থায় বাইক নিয়ে ঢুকে পড়ার অভিযোগে ধৃত সিভিক ভলান্টিয়ার গঙ্গাসাগর গোন্দ-কে গতকাল শিয়ালদা আদালতে তোলা হলে –সোমবার পর্যন্ত জেল হেফাজত হয়েছে।

ইতমধ্যে তাকে দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হয়েছে বলে খবর। ওই ঘটনার প্রতিবাদে আন্দোলনকারীরা গতকাল সকাল পর্যন্ত সিঁথির মোড়ে বিটি রোড অবরোধ করেন।

এদিকে, সিভিক ভলান্টিয়ারদের নিয়োগ নিয়ে প্রশ্ন তুলেছেন বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায়। কিসের ভিত্তিতে তাদের কাজ দেওয়া হয়, সেই নিয়ে আর টি আই করা উচিত বলে মন্তব্য করেছেন তিনি।

(বাইট – লকেট)

এদিকে, এই ঘটনা প্রসঙ্গে রাজ্যের পুর ও নগরোন্নয়নমন্ত্রী, তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম বলেন, সব সিভিক ভলান্টিয়ার খারাপ নয়, ২-১ জন দোষ করেছে, যাদের আইন অনুযায়ী সাজা হবে।

(বাইট – ফিরহাদ)

সিবিআই-এর তদন্ত দ্রুত শেষ করা ও ন্যায় বিচারের দাবিতে একবালপুরে অবস্থান বিক্ষোভ কর্মসূচিতে যোগ দেন ফিরহাদ হাকিম।

০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর কান্ডের জেরে রাজ্যে অসন্তোষ ও প্রতিবাদের আবহে বর্তমান অবস্থা এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে রাজ্যপাল সি ভি আনন্দ বোস, দিল্লিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ ও আইনমন্ত্রী অর্জুন রাম মেঘওয়ালের সঙ্গে বিস্তারিত আলোচনা করেছেন। দুরদর্শনকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেছেন, আর জি কর-এ চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও খুনের ঘটনায় বাংলার মানুষ অবশ্যই ন্যায় বিচার পাবেন। সেজন্য সর্বতোভাবে তিনি সচেষ্ট হবে বলে রাজ্যপাল জানিয়েছেন।

আগেই জানানো হয়েছে, নিহত চিকিৎসক পড়ুয়ার পরিবার থেকে একটি চিঠি পেয়ে রাজ্যপাল সিভি আনন্দবোস গত বৃহস্পতিবার রাতে দিল্লি যান।

oooooooooooooooooo

CBI-এর ওপর তার ভরসা রয়েছে, নির্যাতিতার ধর্ষণ ও খুনের ঘটনার তদন্ত যে পথে হওয়া উচিত, তারা সে পথে কাজ করছেন বলে জানিয়েছেন সিপিআইএম সাংসদ, তথা আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্য। গত সন্ধ্যায় তিনি নির্যাতিতার বাড়িতে গিয়ে তাঁর বাবা-মা-র সঙ্গে সাক্ষাৎ করেন। পরে সেখান থেকে বেরিয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিকাশবাবু বলেন, নির্যাতিতার বাবা-মা-কে তিনি ধৈর্য্য ধরার পরামর্শ দিয়েছেন এবং আইন ঠিকমতো কার্যকর হবে বলে তাদের আশ্বস্ত করেছেন।

এই ঘটনায় মুখ্যমন্ত্রী আতঙ্কে রয়েছেন এবং বিপদগ্রস্ত হয়ে পড়েছেন বলে বিকাশবাবু দাবি করেন।

ooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, বর্তমান সময়ে সমাজে নারী ও শিশু নিপীড়ন গভীর উদ্বেগের বিষয় হয়ে দাঁড়িয়েছে। নারী সুরক্ষায় দেশে নানা কঠোর আইন তৈরি করা হয়েছে, কিন্তু সেগুলির আরো সক্রিয় প্রয়োগ দরকার। মহিলাদের বিরুদ্ধে নির্যাতনের ঘটনাগুলিতে যত দ্রুত সিদ্ধান্ত বা বিচার শেষ করা যাবে, তত মহিলাদের

নিরাপত্তার ক্ষেত্রে নিশ্চয়তা দেওয়া সম্ভব হবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। গতকাল নতুন দিল্লীর ভারত মন্ডপমে বিচারকদের জাতীয় সম্মেলনে ভাষণে তিনি একথা বলেন।

(বাইট – প্রধানমন্ত্রী)

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের নতুন মুখ্য সচিব হলেন মনোজ পন্থ। তিনি ভগবতী প্রসাদ গোপালিকার স্হলাভিষিক্ত হলেন। গতকালই শ্রী গোপালিকার কার্যকালের মেয়াদ শেষ হয়েছে। বিদায়ী মুখ্য সচিবের মেয়াদ বৃদ্ধিতে দিল্লির ছাড়পত্র মেলেনি বলে খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০

বাগিচা শ্রমিকদের ন্যূনতম মজুরী স্হির করতে রাজ্য সরকার নতুন করে পরামর্শদাতা কমিটি গঠন করেছে। পুরনো কমিটির মেয়াদ শেষ হয়ে যাওয়ায় এই পদক্ষেপ। রাজ্য সরকার ছাড়াও শ্রমিক ও মালিক পক্ষের মোট ১০ জন করে প্রতিনিধি নিয়ে ৩০ জনের এই কমিটি গঠন করা হয়েছে বলে শ্রম দফতর সূত্রে জানা গিয়েছে। কমিটিতে এই প্রথম ক্ষুদ্র চা-চাষিদের প্রতিনিধি থাকছেন।

উল্লেখ্য, ২০১৫ সালে প্রথম ন্যূনতম মজুরি নির্ধারক কমিটি তৈরি করা হয়েছিল। বর্তমানে বড় বাগানে কর্মরত প্রতি শ্রমিক দিনে আড়াইশো টাকা এবং ছোটো বাগানের শ্রমিকরা দৈনিক ২-শো ২ থেকে ২১২ টাকা পর্যন্ত মজুরী পান।

০০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাবাদের সুতির আহিরণ ঘাটে সকাল ৫:১০-এ শুরু হয়েছে বিশ্বের দীর্ঘতম সাঁতার প্রতিযোগিতা। ৮১ কিলোমিটার বিভাগে দেশের মহারাষ্ট্র, বিহার, ঝাড়খণ্ড, পশ্চিমবঙ্গ ছাড়াও বাংলাদেশের চারজন, স্পেন থেকে দু'জন এবং থাইল্যান্ড থেকে দু'জন প্রতিযোগীর অংশগ্রহণ করার কথা ছিল। কিন্তু, বাংলাদেশে সাম্প্রতিক অশান্তির কারণে সেখানকার প্রতিযোগীরা এখনও ভিসা না পাওয়ায় আসতে পারেননি। পাশাপাশি থাইল্যান্ড এবং স্পেনের প্রতিযোগীরাও বিভিন্ন কারণে এখনও রাজ্যে এসে পৌঁছাতে

পারেনি। তার ফলে এ’বছর আন্তর্জাতিক কোনও প্রতিযোগী নেই এই প্রতিযোগিতায়। ৮১ কিলোমিটার বিভাগে দশ জন প্রতিযোগী অংশগ্রহণ করেছেন। তার মধ্যে রয়েছেন আট জন পুরুষ এবং দু’জন মহিলা। একই সাথে ১৯ কিমি বিভাগের প্রতিযোগীতা শুরু হয়েছে জিয়াগঞ্জের সদরঘাট থেকে। দুটি বিভাগের প্রতিযোগীতাই শেষ হবে বহরমপুর কলেজ ঘাটে। পরে সন্ধ ৭ টায় বহরমপুরে সমাপ্তি অনুষ্ঠানে প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হবে।

উল্লেখ্য আন্তর্জাতিক কোনো প্রতিযোগী না থাকায় এবছর এই সাঁতার প্রতিযোগীতা উৎসাহিদের হতাশ করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার তরুণের স্বপ্ন প্রকল্পের আওতায় এবছর ১৬ লক্ষ পড়ুয়াকে স্মার্ট ফোন বা ট্যাব কেনার জন্য টাকা দেবে। আগামী ৫ সেপ্টেম্বর শিক্ষক দিবসের দিনেই তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে ১০ হাজার করে টাকা দেওয়ার প্রক্রিয়া শুরু হবে বলে জানা গেছে। ওই দিন থেকেই পড়ুয়াদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা পাঠানোর কাজ শুরু হবে । রাজ্যের মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্তরের ছাত্রছাত্রীরা ট্যাব বা মোবাইল ফোন কেনার জন্য টাকা পাবে। এই বছর একাদশ ও দ্বাদশ শ্রেনীর পড়ুয়াদেরই ট্যাব কেনার টাকা দেওয়া হচ্ছে। আগামী বছর থেকে শুধুমাত্র একাদশ শ্রেনীর পড়ুয়াদেরই এই টাকা দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০